

নদী

শব্দহীন নদীতে ভেসেছি এখন  
শব্দহীন, শব্দহীন এ-এক নদী।

এ-নদীর জলে পা রাখলে--  
আল্গা বাতাস বলে সরে যাও;  
স্নানের সময় কুমারী মেয়েটি বলে--  
ছুঁয়ো না।

শব্দহীন এই নদীর উৎস আমার মন।  
মোহনার কোনো খোঁজ এখনো পাইনি।

ফুলেরা

এই ফুল দিয়েছিলো কেউ--  
এই গোলাপ, এই রজনীগন্ধা,  
এই ঘেঁটুর গন্ধ--  
দিয়েছিলো কেউ

ভরসা করে  
কখনো বা বৃষ্টির সাথে  
কখনো বা চৈতন্যের সাথে  
মিশিয়ে দিয়েছি ফুল।

তারপর রেষারেষি,  
হলুদ-নীল ফুল আর মেটে মাটির সাথে  
সংকল্প ফুলের  
--ভালোবাসা।

অমিত রায়

